দামুড়হুদায় ফেন্সিডিলসহ পুরাতন বাস্তপুরের হাসান আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ১২ বোতল ফেন্সিডিলসহ একজনকে আটক করেছেন।

আটকৃত হাসান আলি(৩০) পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে।গতকাল রবিবার রাত সাড়ে ১০ টার দিকে হাউলী জয়রামপুর ফকিরপাড়া পাকা রাস্তার উপর থেকে ১২ বোতল ফেন্সিডিলসহ তাকে আটক করা হয়।

জানাযায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে এস আই আসাদুজ্জামান আসাদ, এ এস আই মহানন্দ সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে হাসান আলিকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ১২ বোতল ফেন্সিডিল উদ্ধার করে।

দামুড়হুদা মডেল থানায় তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদার ডুগডুগী বাজারে দুটি প্রতিষ্ঠানকে জরিমানা

জাতীয় ভোক্তা অধিকার কর্তৃক দামুড়হুদার ডুগডুগী বাজার তদারকি ও দুটি প্রতিষ্ঠানে জরিমানা করা হয়েছে। আজ সোমবার বেলা ১২টার দিকে।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দামুড়হুদা উপজেলার ডুগডুগী বাজারে অভিযান পরিচালিত হয়। অভিযানে কাঁচা বাজার,মাছ, মাংস, খাবার হোটেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করেন।

এসময় শ্রী অশিত দধি ভান্ডারে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার পরিবেশন

ও মূল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী দশ হাজার টাকা জরিমানা করা হয় ও মেসার্স ডুগডুগী ভান্ডারে কাঁচা মালের মূল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের একই ধারায় পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অভিযানে ০২টি প্রতিষ্ঠানকে মোট ১৫,০০০/- টাকা জরিমানা করা হয়। এসময় ডুগডুগী কাচা বাজার,মাছ, মাংস, খাবার হোটেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য তদারকি করা হয় এবং সবাইকে মুল্যতালিকা প্রদর্শন, ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ ও সরকার নির্ধারিত মুল্যে পণ্য বিক্রয়ের ব্যাপারে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ। এসময় সহযোগিতায় ছিলেন দামুড়হুদা উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মো: আনিসুর রহমান ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

মেহেরপুরে দুর্বৃত্তদের হামলার শিকার দুই সাংবাদিক, আটক ২

মেহেরপুরের আমঝুপিতে সংবাদ সংগ্রহ করতে গিয়ে দুর্বৃত্তদের হামলায় আহত হয়েছেন বেসরকারি টিভি “চ্যানেল ২৪” এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান।

আজ সোমবার (১২ ফেব্রুয়ারি) বেলা বারোটার দিকে আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) নামের একটি এনজিও সংস্থার দপ্তরের সামনে এই হামলার ঘটনা ঘটে।

এসময় আরো আহত হন জবাবদিহি পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। হামলার ঘটনায় আবু লায়েস ও জিয়াউর রহমান নামের দুই দুর্বৃত্তকে আটক করা হয়েছে।

জানা যায়, আজ সোমবার মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপি নামক স্থানে দুটি মোটরসাইকেলের সংঘর্ষে ঘটনাস্থলে একজন নিহত হন। এঘটনায় সংবাদ সংগ্রহ করতে যান সাংবাদিকরা।

মানব উন্নয়ন কেন্দ্রের একজন কর্মকর্তা উক্ত দুর্ঘটনার সাথে জড়িত থাকায় সংস্থাটির দপ্তরের সামনে জড়ো হয় সাধারণ মানুষ। এ সময় উক্ত জটলার ছবি তুলতে গেলে ৮/১০ দূর্বৃত্ত সাংবাদিক রাশেদুজ্জামানের উপর চড়াও হয়। এসময় তারা লাঠিসোটা নিয়ে হামলা শুরু করে। দূর্বৃত্তদের হাত থেকে সাংবাদিক রাশেদুজ্জামানকে বাঁচাতে এগিয়ে আসলে জবাবদিহি পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেলের উপরেও হামলা করে তারা। এ সময় আহত হয় এই দুই সাংবাদিক। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

আহত সাংবাদিক রাশেদুজ্জামান বলেন, পেশাগত দায়িত্ব পালন করার লক্ষ্যে ভিডিও ফুটেজ ধারণ করার এক পর্যায়ে কিছু ব্যক্তি অতর্কিত হামলা চালায়। কিছু বুঝে ওঠার আগেই এলোপাথাড়ি কিল ঘুষি ও লাঠি সোটা নিয়ে আঘাত করে। হামলার সময় ভিডিও ফুটেজ নেওয়ার জন্য গালিগালাজ করছিল তারা। হাতে থাকা মোবাইল ফোন ছিনিয়ে নেওয়ার চেষ্টাও করে হামলাকারীরা।

হামলার ঘটনায় থানায় মামলা করবেন বলে জানিয়েছেন এই দুই সাংবাদিক।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সেখ কনি মিয়া জানান, সংবাদ পাওয়ার পর ঘটনাস্থলে পুলিশের একটি দল পৌঁছায়। হামলাকারীদের মধ্যে থেকে একজনকে আটক করা হয়েছে। কিছু সঙ্ঘবদ্ধ চক্রের মাধ্যমে ঘটনাটি ঘটানো হয়েছে কিনা তা তদন্ত করা হচ্ছে। সিসিটিভি ফুটেজ ও মোবাইলে ধারণ করা ভিডিও ফুটেজ থেকে হামলার সাথে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করা হচ্ছে। পরবর্তীতে তাদের আইনের আওতায় আনা হবে বলেও জানান তিনি।

এদিকে সাংবাদিকের উপর হামলার ঘটনায় সন্ধ্যা পর্যন্ত দোষীদের আইনের আওতায় নিয়ে আসার আল্টিমেটাম দিয়েছে মেহেরপুর প্রেসক্লাব। উদ্ভূত এমন ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে মেহেরপুরের সাংবাদিক সমাজ।

চুয়াডাঙ্গায় জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় সম্মেলন কক্ষে আজ রবিবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়।

এ সভায় আদালত সহায়তা, মানব পাচার প্রতিরোধ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ, সড়ক দুর্ঘটনায় নির্ভুল ও সমন্বিত পরিসংখ্যান প্রণয়ন, চোরাচালান নিরোধ, অনিস্পন্ন চোরাচালান মামলাসমূহ সম্পর্কে, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত দখলমুক্ত, দ্রব্যমূল্য সহনশীল, দেশের নিরাপত্তা ব্যবস্থা জোরদারসহ সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার উপর বিস্তারিত আলোচনা হয়।

এ সময় বক্তারা সকলের সার্বিক প্রচেষ্টায় জেলা শহরের নিয়ন্ত্রিত ফুটপাত, যানবাহন ব্যবস্থাপনা ও যানজট নিরসনের এবং বাজার ব্যবস্থা মনিটরের মাধ্যমে একটি সুন্দর, সন্ত্রাস, চুরি,ডাকাতি, চোরাচালান মুক্ত চুয়াডাঙ্গা উপহার দেওয়ার জন্য সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবির হোসেন, চুয়াডাঙ্গা সিভিল সার্জন প্রতিনিধি ডা. ফাতেহ্ আকরাম দোলন, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-জোহরা এবং আলমডাঙ্গা, দামুড়হুদা ও জীবননগর উপজেলার নির্বাহী অফিসার বৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন দপ্তরের প্রধানগণ,জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ এবং মিডিয়া ব্যক্তিবর্গ।

মেহেরপুরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

বিশেষ পদ্ধতি ইঞ্জিনচালিত পাখি ভ্যানের সিটের সাথে ফেনসিডিল বহন করেও রেহায় পেলনা মাদক মাদক ব্যবসায়ী স্বপন (২২)।

গোপন সংবাদের ভিত্তিতে র্যাপিড এ্যাকশন ব্যাটলিয়ন (র্যাব-১২) একটি টিম আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) বিকালে অভিযান চালিয়ে ২৯ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তাকে আটক করেন।

মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের আকুবপুরে এ অভিযান পরিচালনা করে র্যাব। আটক স্বপন ইসলাম গাংনী উপজেলার সীমান্তবর্তী সহড়াতলা গ্রামের আব্দুল মজিদের ছেলে।

সন্ধ্যায় র্যাব গাংনী ক্যাম্পের পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে, মেহেরপুর-কুষ্টিয়া সড়ক দিয়ে ব্যাটারি চালিত পাখিভ্যানযোগে ফেনসিডিল নিয়ে যাচ্ছিল স্বপন ইসলাম। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে ২৯ বোতল ফেনসিডিলসহ আটক করেন।

অভিযানে ফেনসিডিল ছাড়াও একটি মোবাইল ফোন ও ফেনসিডিল বহনকরা পাখিভ্যানটি জব্দ করা হয়েছে।
নেতৃত্ব দেন র্যাব ১২ সিসিপি ৩ গাংনী ক্যাম্প কমান্ডার এএসপি মনিরুজ্জামান।

র্যাব জানায়, আটক স্বপন প্রাথমিক জিজ্ঞাসাবাদে তার সহযোগী হিসেবে বাদশা নামের এক ব্যক্তির নাম পরিচয় জানিয়েছে। অভিযানের সময় পালিয়ে যাওয়া এই বাদশাকে আটকের চেষ্টা করছে র্যাব।

আটক স্বপন ও পলাতক বাদশার বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। ওই মামলায় স্বপনকে আদালতে সোপর্দের জন্য গাংনী থানায় হস্তান্তর করেছে র্যাব।

ঝিনাইদহে ১৭ বছরের কারাদন্ড প্রাপ্ত আসামী গ্রেফতার

ঝিনাইদহে অস্ত্র মামলায় ১৭ বছরের কারাদন্ড প্রাপ্ত ফেরারী আসামী মাহমুদ হাসান সুমন (৩১) কে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল শনিবার (১০ ফেব্রুয়ারি) গভীর রাতে রাজধানীর মোহাম্মদপুর এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত সুমন বিষয়খালী গ্রামের শহিদুল ইসলামের ছেলে।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ শাহীন উদ্দিন জানান, ২০১৭ সালে অস্ত্রসহ সদর উপজেলার বিষয়খালী এলাকার মাহমুদ হাসান সুমনকে আটক করে পুলিশ। সেই মামলায় সম্প্রতি ঝিনাইদহের সিনিয়র স্পেশাল ট্রাইব্যুনালের বিচারক ২ টি ধারায় ১৭ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করে। মামলার রায়ের পর থেকেই পলাতক ছিলো সুমন। ঢাকার মোহাম্মদপুর এলাকায় অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে শনিবার গভীর রাতে পুলিশ তাকে গ্রেফতার করে।আজ রোববার সকালে তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়।

ঝিনাইদহে ইয়াবাসহ ৬ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে ইয়াবাসহ ৬ মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। গতকাল শনিবার রাতে ঝিনাইদহ শহরের মডার্ন মোড় এলাকা থেকে তাদের আটক করা হয়।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ শাহীন উদ্দিন জানান, শহরের মর্ডান মোড় এলাকায় মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সদর থানা পুলিশ অভিযান চালায়। সেসময় সাজ্জাদ হোসেন টিপু, জীবন হোসেন, রাসেল মিয়া, ইয়ারুল ইসলাম, আনিচ হোসেন ও শামীম হোসেনকে আটক করা হয়। পরে তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ১০০ পিচ ইয়াবা।

আটকৃকতদের বাড়ি চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ সদর উপজেলার বিভিন্ন গ্রামে।

এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে থানায় মাদকদ্রব্য আইনে মামলা করা হয়েছে। পরে আটকৃকতদের আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

গাংনীতে ৪৮ ইটভাটার সব অবৈধ, পুড়ছে কাঠ

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন স্থানে গড়ে উঠেছে প্রায় অর্ধশত অবৈধ ইটভাটা। উপজেলা প্রশাসনের তালিকা অনুযায়ী বর্তমান চলমান ইটভাটার সংখ্যা ৪৮টি। এসকল ইটভাটার কোনটাতেই নেই পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র। ইটভাটা মালিকরা নানা কৌশলে তাদের ব্যবসা পরিচালনা করছেন। বছরে কয়েকবার পরিবেশ অধিদপ্তর থেকে অভিযান চালিয়ে শুধুমাত্র রাস্তার পাশে অবস্থিত কয়েকটি ভাটা মালিকের জরিমানা করলেও অনেকেই থেকে যান অধরা। এছাড়াও যে কয়েকটি ভাটায় জরিমানা করা হয় সে জরিমানার টাকা সমস্ত ইট ভাটা মালিকরা সমভাবে ভাগ করে দেন সমিতির মাধ্যমে। পরিবেশ অধিদপ্তর ও ইটভাটা মালিকদের অদৃশ্য সমঝোতায় ভাটা পরিচালনা করা হচ্ছে বলেও জনশ্রুতি রয়েছে।

উপজেলার বিভিন্ন গ্রামে জনবসতি এলাকায় ইটভাটা স্থাপন করা হয়েছে। জনবসতি এলাকার ইটভাটাগুলি থাকে ধরা ছোয়ার বাইরে। অনেক ইটভাটায় কয়লার বদলে পুড়ানো হচ্ছে কাঠ। কাঠ পুড়ানোর জন্য মিলেই স্থাপন করা হয়েছে মিনি করাত কল। আইন থাকলেও প্রয়োগ না থাকায় জনমনে দেখা দিয়েছে নানা প্রশ্ন ।

প্রাপ্ত তথ্যমতে গাংনী উপজেলায় কয়েক বছরে মোট ৫৮ টি ইটভাটা গড়ে উঠেছিল। বেশীরভাগ ইটভাটায় পরিবেশ সংরক্ষণ আইনে বৈধতার কোন কাগজ পত্র নাই। গত বছরে বেশ কয়েকটি ইটভাটা বন্ধ হওয়ায় বর্তমানে ৪৮টি ইটভাটা চালু রযেছে। যা গাংনী পৌরসভাসহ উপজেলার অন্যান্য অঞ্চলে অবস্থতি রয়েছে। প্রভাবশালী রাজনীতিকরা প্রশাসনের অনুমতি না নিয়ে ক্ষমতার জোরে ইটভাটা তৈরী করছে। ভাটার চিমনি তৈরীতে সরকারী

[illegible]

[illegible]

[illegible]

সরকারী নির্দেশনা উপেক্ষা করে এসকল ইটভাটায় কয়লার বদলে কাঠ ব্যবহার করা হচ্ছে। মাঝে মধ্যে প্রশাসনের লোকজন জরিমানা আদায় করলেও ইটভাটা বন্ধ করেনা। ফলে প্রভাবশালীরা প্রতি বছর নতুন নতুন ইটভাটা তৈরী করছে।

গাংনী উপজেলা ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক জানান, সরকারী ভাবে কাঠ পোড়ানো নিষেধ রয়েছে তার পরেও আমরা কাঠ জ্বালানী হিসাবে ব্যবহার করছি। পার্শ্ববর্তী কুষ্টিয়া জেলার বিভিন্ন ইটভাটায় কাঠ পোড়ানো হচ্ছে। এছাড়াও বিভিন্ন মিলে কাঠ পোড়ানো হচ্ছে। বাংলাদেশে সবজায়গায় অনিয়মের মাধ্যমে কাজ চলছে ।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সু-প্রভা রানী জানান, ইটভাটায় নির্গত কালো ধোঁয়ায় মানুষের শ্বাসকষ্ট, হাপানি, ক্যান্সারসহ নানা রোগের সৃষ্টি হয়। তাছাড়া অতিরিক্ত কার্বণ-ডাই অক্সাইডের কারণে ফসল ও এলাকার পরিবেশ নষ্ট হয়। অনতি বিলম্বে পরিবেশ রক্ষায় প্রশাসনিক পদক্ষেপ জরুরী।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, ইটভাটায় করাত কল স্থাপন করা হয়েছে এমন তথ্য আমার কাছে নেই। তাছাড়া পরিবেশ অধিদপ্তর কয়েকদিন আগে মেহেরপুর সদরে অভিযান চালিয়ে জরিমানা করেছে। গাংনীতেও পরিবেশ অধিদপ্তরের অভিযান হবে।

দামুড়হুদা মডেল থানার অভিযানে সাজাপ্রাপ্ত ২ আসামী গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের বিশেষ অভিযানে ৩ মাসের সাজাপ্রাপ্ত দুই আসামীকে গ্রেফতার করা হয়েছে। গতকাল শুক্রবার রাত ১টার দিকে ও সকাল ১১টার দিকে তাদেরকে গ্রেফতার করা হয়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আলমগীর কবিরের নেতৃত্বে এসআই হারুন অর রশিদ ও এএসআই মহানন্দ সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন মুন্সিপুর ও ছোট দুধপাতিলা গ্রামে অভিযান চালায়। অভিযানে মামলার ওয়ারেন্টভুক্ত আসামি মুন্সিপুর গ্রামের

মৃত মোস্তাকিনের ছেলে মোঃ আসাদুল হক ও ছোট দুধপাতিলা গ্রামের কাউছার আলীর ছেলে মোঃ মস্তাফিজুর রহমান কে গ্রেফতার করে পুলিশ। তারা দীর্ঘ দিন পালাতক ছিল। অবশেষে পুলিশ অভিযান পরিচালনা করে তাদেরকে গ্রেফতার করতে সক্ষম হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর জানান, ৩ মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত সাজা পরোয়ানাভুক্ত দুই পলাতক আসামিদেরকে গ্রেফতার করা হয়েছে। গতকালই আসামিদেরকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

ঝিনাইদহে সামাজিক বিরোধের জেরে পিটিয়ে জখম, থানায় মামলা

ঝিনাইদহ সদর উপজেলার সুরাট ইউনিয়নের সামাজিক বিরোধের জেরে ঝিনাইদহ শহরে একা পেয়ে মোঃ শাকিল হোসেন (২৩) কে কুপিয়ে ও পিটিয়ে জখম করেছে প্রতিপক্ষরা।

এ ব্যাপারে আহতের ভাই বাদি হয়ে ৪ জনের নাম উল্লেখ করে এবং ৭/৮ জন অজ্ঞাত নামাকে আসামী করে ঝিনাইদহ সদর থানায় এজাহার দায়ে করেছেন।

আজ শনিবার সকাল সাড়ে ১১টার দিকে শহরের প্রিন্স হাসপাতালে পশ্চিম পার্শ্বে পাকা রাস্তার উপর এই ঘটনা ঘটে।

এ ব্যাপারে ভিকটিমের ভাই সদর উপজেলার লাউদিয়া গ্রামের আবু জাফর লস্করের ছেলে গোলাম কিবরিয়া লস্কর বাদি হয়ে সুরাট ইউনিয়নের পূর্ব কৃষ্ণপুর গ্রামের মো: আশরাফ হোসেন (৪৪), পিতা- লোকমান মন্ডল ও কল্যানপুর গ্রামের এনামূল (৩৮), পিতা-ইব্রাহিম, নাজমুল (২৮), পিতা- শহিদুল ইসলাম, আশিক (৩০), পিতা-মকলেছসহ অজ্ঞাতনামা ৭/৮ জনের বিরুদ্ধে থানায় এজাহার দায়ের করেণ। গোলাম কিবরিয়া লস্কর এজাহারে উল্লেখ করেন ১০ ফেব্রুয়ারী সকালে আমার আপন ভাই মোঃ শাকিল হোসেন (২৩) ও বাকের আলী (৪২) ও সাইফুল (৩২), পিতা- শহিদুল ইসলাম ঝিনাইদহ শহর হতে বাজার সওদা করে জনৈক মিলন হোসেন এর ভ্যান যোগে বাড়ীর উদ্দেশ্যে রওনা করে সকাল অনুমান সাড়ে ১১

সময় ঝিনাইদহ হামদহ প্রিন্স হাসপাতালের পশ্চিম পার্শ্বে পাকা রাস্তার উপর পৌছানো মাত্রই সামাজিক বিরোধের কারনে পূর্ব থেকে রাস্তার পার্শ্বে ওৎ পেতে থাকা উল্লেখিত আসামীগন সহ অজ্ঞাতনামা আসামী পরিকল্পিতভাবে হত্যার উদ্দেশ্যে হাতে দেশীয় তৈরী মারাত্নক অস্ত্র-শস্ত্র সহকারে আমার ভাই ও তার সঙ্গে থাকা বারেক আলী এবং সাইফুলকে গতিরোধ করে।

তখন অবস্থার বেগতিক দেখে আমার ভাই শাকিল ভ্যানের উপর থেকে নেমে দৌড় দিলে আসামীরা পিছন ধাওয়া করে পুলিশ লাইনপাড়স্থ জনৈক হাফিজ উকিল এর বাড়ীর সামনে পাকা রাস্তার উপর আমার ভাই শাকিলকে ধরে ফেলে ১নং আসামী আশরাফ হোসেন খুন করার হুকুম দিয়ে সে নিজে তার হাতে থাকা থাকা ধারালো রাম-দা দিয়ে খুনের উদ্দেশ্যে আমার ভাই সাকিল এর মাথা লক্ষ্য করে সজোরে কোপ মারে। মাথা নিচু করে ডান দিয়ে সরিয়ে নিলে কোপটি আমার ভাই শাকিলের বাম কাধের উপর লেগে গুরুতর জখম হয়। এভাবে সকল আসামী ধারালো চাপাতী, লাঠি ও লোহার রড দিয়ে খুনের উদ্দেশ্যে মাথার উপরে এলোপাথাড়ী কোপ মেরে কাটা রক্তাক্ত জখম করে। এভাবে শরীরের বিভিন্ন স্থানে রক্তাক্ত জখম করে। তখন তার সঙ্গে থাকা, বাকের আলীম সাইফুল ও ভ্যান চালক মিলন হোসেন ঠেকাতে গেলে আসামীরা তাদেরকেও মারপিট করে জখম করে। এছাড়াও এজাহারে আরও উল্লেক করেন, আসামী এনামূল তার জখমী ভাইয়ের গলা থেকে ৮ আনা ওজনের একটি স্বর্নের চেইন ও কিছু নগদ টাকা নিয়ে নেয়। আহতদের ডাক চিৎকারে অনেকেই ছুটে এলে আসামীরা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

প্রত্যক্ষদর্শীরা আহত শাকিল কে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করে। এই ঘটনায় জড়িতদের গ্রেফতার করে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান।

এ ঘটনায় সুরাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আশরাফ হোসেন বলেন আমি এই ঘটনার কিছুই জানিনা, এসব আমার বিরুদ্ধে ষড়যন্ত্র। এবিষয়ে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহীন উদ্দিন জানান এব্যাপারে একটি অভিযোগ পেয়েছি, আমারা তদন্দ করে ব্যবস্থা নিবো।